অতি গোপনীয়
অতি জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
রাজনৈতিক অধিশাখা -১
www.mhapsd.gov.bd

স্মারক নং-৪৪.০০.০০০০.০৭৪.০৬.০০২.১৪- ২৭৪ তারিখ-২১-০৮-২০১৯।

বিষয়ঃ বিদেশে অবস্থানরত আসামীদের (বাংলাদেশের নাগরিক) বিচারার্থে ও দন্ডদানার্থে বাংলাদেশে আনয়নের বিষয় পর্যালোচনা ও এ সম্পর্কে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্ত পুনর্গঠিত টাস্কফোর্সের ৩১-০৭-২০১৭ তারিখে অনুষ্ঠিত ৬ষ্ঠ সভার গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত।

সূত্র ঃ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-৪৪.০০.০০০০.০৭৪.০৬.০০২.১৪-৪৭১, তারিখঃ ১৩-০৮-২০১৭।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, গত ৩১-০৭-২০১৭ তারিখে অনুষ্ঠিত বর্ণিত টাস্কফোর্সের সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রোক্ত স্মারকে প্রেরণ করা হয়। উক্ত টাস্কফোর্সের পরবর্তী সভা আগামী ২৫ আগষ্ট ২০১৯ তারিখে অনুষ্ঠিত হতে পারে।

২। এমতাবস্থায়, গত ৩১-০৭-২০১৭ তারিখে অনুষ্ঠিত টাস্কফোর্সের সভার সিদ্ধান্ত বাস্তবায়নে গৃহিত কার্যক্রম এবং সর্বশেষ অগ্রগতি সম্পর্কে আগামী ২২-০৮-২০১৯ তারিখের মধ্যে অতি জরুরি ভিত্তিতে (সফ্টকপিসহ) অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি ঃ বর্ণনামতে ০১(এক) পাতা।

২১.০৮.১৯

(মল্লিকা খাতুন)
উপসচিব
ফোন/ফ্যাক্স- ৯৫৭৪৫২২
ই-মেইলঃ pol1@mhapsd.gov.bd

বিরতণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১. বিজ্ঞ এটর্নী জেনারেল, বাংলাদেশ সুপ্রিম কোর্ট, ঢাকা।
২. পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা [দৃঃ আঃ- মহাপরিচালক (ইউএন)]।
৩. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৪. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৫. পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
৬. মহাপরিচালক, এনএসআই, ঢাকা।
৭. মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা।